

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 29-01-2026
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ ৩৬তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলার উদ্বোধন করেন।
- (২) বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন ২৪ ঘণ্টা নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে দেশ সেবা হওয়ার লক্ষ্যে কাজ করছে রাজ্য বিদ্যুত নিগম।
- (৩) অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আজ লোকসভায় ২০২৫-২৬ সালের অর্থনৈতিক সমীক্ষার অনুলিপি উপস্থাপন করেন।
- (৪) ত্রিপুরা ও ওজরাটের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে।

Trade and Industry Fair :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে ১৫ দিনব্যাপী ৩৬তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলার উদ্বোধন করেন। তিনি বলেন শিল্প ও বাণিজ্যের অগ্রগতির ক্ষেত্রে উত্তর পূর্বাঞ্চলের মধ্যে ত্রিপুরা একটি গুরুত্বপূর্ণ রাজ্য হিসেবে আল্পপ্রকাশ করছে। পরিকাঠামো উন্নয়ন ও যথাযথ প্রশাসনিক সহায়তার মাধ্যমে শিল্প ও বাণিজ্যকে নতুন দিশায় নিয়ে যাবার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা নিয়েছে সরকার। তিনি এক ভারত শ্রেষ্ঠ ভারত এবং এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তুলতে সবার সহযোগিতা কামনা করেন। এবছর মেলার ভাবনা- ত্রিপুরাঃ উত্তর পূর্বের উদীয়মান শিল্প কেন্দ্র। রাজ্য ও বহিঃরাজ্য থেকে শিল্পদ্যোগী, ব্যবসায়ী প্রতিষ্ঠান এই মেলায় অংশ নিয়েছে। এবার মেলা প্রাঙ্গনে ৫৮০টি স্টল রয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্তোষ চাকমা, শিল্প

ও বাণিজ্য প্রতিমন্ত্রী বৃষকেতু দেববর্মা, বিধানসভার ভারপ্রাপ্ত অধ্যক্ষ রামপ্রসাদ পাল, TIDC চেয়ারম্যান নবাদল বনিক শিল্প বাণিজ্য সচিব কিরণ গিতে প্রমুখ।

* * * * *

Ratan Lal Nath :

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন ২৪ ঘন্টা নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে দেশ সেরা হওয়ার লক্ষ্যে কাজ করছে রাজ্য বিদ্যুৎ নিগম। আজ আগরতলায় বিদ্যুৎ নিগমের বৃংহন অব এনার্জি এফিসিয়েন্সি এবং ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগমের এর যৌথ উদ্যোগে ৩০ জন আশা ফ্যাসিলিটেটরের মধ্যে ই-বাইসাইকেল বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। বিদ্যুৎমন্ত্রী বলেন, বর্তমানে বিদ্যুৎ সরবরাহে ত্রিপুরা দেশে চতুর্থ স্থানে রয়েছে। বর্তমানে প্রায় ৩৮ হাজার কানি জমিতে সৌর পাম্প বসানো হয়েছে, যার ফলে আগামী ২৫ বছর জল নিয়ে চিন্তা করতে হবে না। এখন মানুষ সৌরশক্তি থেকে আয়ও করছেন এবং বিদ্যুৎ বিলও শূন্য পাচ্ছেন।

* * * * *

CM Airtel :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ চানমারিতে ভারতী এয়ারটেল সংস্থার উদ্যোগে এয়ারটেল ডাটা সেন্টার নির্মাণের ভূমিপূজা ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নের পাশাপাশি রাজ্য সরকার ত্রিপুরায় তথ্য প্রযুক্তি ক্ষেত্রেও দ্রুত উন্নত করার প্রয়াস নিয়েছে। আগামী কয়েক বছরের মধ্যে ত্রিপুরাকে উত্তর পূর্বাঞ্চলের তথ্য প্রযুক্তি হাবে পরিণত করার লক্ষ্যকে সামনে রেখেই উত্তর পূর্বাঞ্চলের সর্ববৃহৎ ডাটা সেন্টার স্থাপনের প্রয়াস নেওয়া হয়েছে। তিনি বলেন, ডাটা সেন্টারটি গড়ে তোলার জন্য রাজ্য সরকার এয়ারটেল সংস্থাকে ১ একর জায়গা দিয়েছে। ডাটা সেন্টারটি গড়ে উঠলে রাজ্যের আইটি সেক্টর আরও শক্তিশালী হবে। শিল্প স্থাপনে বিনিয়োগ বাড়বে।

Byte-CM # # #

অনুষ্ঠানে অর্থমন্ত্রী প্রণজিঃ সিংহরায় বলেন এই ডাটা সেন্টারটি তৈরি হলে আইটি সেক্টরে প্রায় ২০০ জন বেকারের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। বক্তব্য রাখেন তথ্য প্রযুক্তি সচিব ক্রিণ গিত্যে, স্বাগত বক্তব্য রাখেন ভারতী এয়ারটেলের সি.ই.ও. বালাজি আর।

PIB Vartalap :

কেন্দ্রীয় সরকারের ফ্ল্যাগশিপ প্রকল্প বিভি জি রাম জি, নেশা মুক্ত ভারত, শিশু ও নারী ক্ষমতায়ন এবং বন্দে মাতরম সঙ্গীতের সার্ধশতবর্ষ উদযাপন উপলক্ষে জনগনের মধ্যে সচেতনতা বৃদ্ধিতে ভারত সরকারের প্রেস ইনফরমেশন ব্যৱো, আগরতলা শাখার উদ্যোগে আজ আগরতলা প্রেসক্লাবে বার্তালাপ শীর্ষক আলোচনাচক্রের আয়োজন করা হয়।

আলোচনাচক্রে আসাম রাইফেলসএর ডিআইজি, বিগেডিয়ার নিশান্ত চান্ডেল বলেন, দেশকে নানাভাবে দূর্বল করতে দেশবিরোধী শক্তি ও বিভিন্ন দেশ যুবশক্তিকে লক্ষ্য হিসাবে বেছে নেয় এবং তাদের মাধ্যমে নেশাদ্ব্য পাচার ও তাদের নেশাসক্ত করার কৌশল অবলম্বন করে থাকে। তিনি বলেন, এর বিরুদ্ধে জনসচেতনতা তৈরির পাশাপাশি সন্তানের প্রতি পরিবারের সতর্ক নজরদারী ও তাদের জন্য উপযুক্ত সময় দেওয়ার নিতান্তই প্রয়োজন রয়েছে।

পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলা শাসক অসিত কুমার দাস বলেন, গ্রামীন এলাকার পরিকাঠামো উন্নয়ন এবং গ্রামীন জনগোষ্ঠীর রোজগারের সুযোগ সম্প্রসারনের লক্ষ্যে মূলত বিভি জি রাম জি আইন আনা হয়েছে। এই আইনে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারগুলোর ৬০ ও ৪০ অনুপাতে অর্থ বরাদ্দের সংস্থান রাখা হলেও উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলি ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলোর ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার ৩০ শতাংশ ব্যয় বহন করবে।

আলোচনাচক্রে রাজ্য সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের উপ কমিশনার অচ্ছ্য কিলিকদার শিশু কিশোরদের নেশা থেকে দূরে রাখতে পিতামাতা

ও পরিবার পরিজনদের আরও দায়িত্ব সচেতনতার সঙ্গে এগিয়ে আসার আহ্বান জানান।

ঞষ্ঠি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত, জাতীয় সঙ্গীত বল্দেমাতরমের সার্ধশতবর্ষ বর্ষ উদযাপনের উপর আলোচনা করেন তথ্য সংস্কৃতি দণ্ডের সহ অধিকর্তা দেবাশিস লোধ।

ত্রিপুরা শিশু সুরক্ষা ও শিশু অধিকার কমিশনের সদস্য চামেলি সাহা শিশু ও নারীর অধিকার এবং বাল্য বিবাহের বিরুদ্ধে সচেতনতা তৈরির উপর গুরুত্ব দেন। পৌরহিত্য করেন আগরতলা প্রেসক্লাবের সভাপতি প্রনৱ সরকার।

* * * * *

GMP :

প্রকাশ্য সমাবেশের মাধ্যমে আজ থেকে আগরতলায় উপজাতি গনমুক্তি পরিষদের দুদিনব্যাপী ২৩তম কেন্দ্রীয় সম্মেলন শুরু হয়েছে। আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনের সামনে আয়োজিত সমাবেশে আদিবাসী অধিকার রাষ্ট্রীয় মঞ্চের জাতীয় চেয়ারম্যান, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, সিপিআইএম নেত্রী বৃন্দা কারাত, গনমুক্তি পরিষদের কেন্দ্রীয় কমিটির সভাপতি নরেশ জমাতিয়া, সম্পাদক রাধাচরন দেববর্মা প্রমুখ বক্তব্য রাখেন। বিরোধী দলনেতা শ্রী চৌধুরী অভিযোগ করেন, রাজ্যের শাসক দল রাজ্যের অতীত ঐতিহ্য, পরম্পরা মানছে না। গত পৌলে আট বছরে রাজ্য সরকার এডিসি এলাকায় রাস্তাধাট, স্কুল সহ কোন পরিকাঠামোগত উন্নয়ন করেনি। এডিসিতে আর্থিক অনিয়ম চলছে বলেও তিনি অভিযোগ করেন। সমাবেশের পর আগরতলা টাউন হলে শুরু হয়েছে সম্মেলনের প্রতিনিধি অধিবেশন।

* * * * *

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

Sound Byte# # # #

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডিলিউ. ডিলিউ. ডিলিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

* * * * *

Economic survey :

অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আজ লোকসভায় ২০২৫-২৬ সালের অর্থনৈতিক সমীক্ষার অনুলিপি উপস্থাপন করেন। প্রধান অর্থনৈতিক উপদেষ্টার নির্দেশনায় অর্থমন্ত্রক অর্থনৈতিক বিষয়ক বিভাগ এই নথিটি প্রস্তুত করেছে। অর্থনৈতিক সমীক্ষাটি দেশের বর্তমান অর্থনৈতিক অবস্থা এবং ভবিষ্যতের দৃষ্টিভঙ্গির একটি বিস্তৃত পর্যালোচনা। পরে, সংসদ আগামী মাসের ১ তারিখ পুনরায় অধিবেশন বসা পর্যন্ত মূলতবি করা হয়। ত্রিদিনই কেন্দ্রীয় বাজেট ২০২৬-২৭ উপস্থাপন করা হবে। বাজেট অধিবেশনের প্রথম পর্যায় আগামী মাসের ১৩ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে। দ্বিতীয় পর্যায় ৯ই মার্চ থেকে ২ৱা এপ্রিল পর্যন্ত অনুষ্ঠিত হবে।

* * * * *

Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাম্বু আজ আঠারভোলা ভিলেজ কমিটি অফিস প্রাঙ্গণে নাবার্ডের উদ্যোগে শূকর চাষ বিষয়ক ক্লাস্টার প্রকল্প এবং উপজাতি উন্নয়ন তহবিলের সুবিধাভোগীদের নিয়ে একটি কৃষক সভা ও মতবিনিময় অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি বলেন, নাবার্ড রাজ্য কৃষকদের উন্নয়নের

জন্য সক্রিয়ভাবে কাজ করছে। রাজ্যপাল শুকর চাষ প্রকল্পের সুবিধাভোগী, পোল্ট্রি চাষি এবং প্রগতিশীল কৃষকদের উৎপাদন আরও বাড়িয়ে আর্থিকভাবে স্বাবলম্বী হতে উৎসাহিত করেন।

Ajit Power :

জাতীয়তাবাদী কংগ্রেস পার্টির সভাপতি এবং মহারাষ্ট্রের উপ-মুখ্যমন্ত্রী অজিত পাওয়ারের শেষকৃত্য আজ সকালে পুনের বারামতির বিদ্যা প্রতিষ্ঠান মাঠে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হয়েছে। তাঁর পুত্র পার্থ পাওয়ার এবং জয় পাওয়ার চিতা প্রজ্বলন করে শেষকৃত্য সম্পন্ন করেছেন। অজিত পাওয়ার পরিবারের সদস্য, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী নীতিন গডকরি, মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী রামদাস আর্ঠাওয়ালে, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতাপরাও যাদব এবং মুরলিধর মোহন, উপ-মুখ্যমন্ত্রী একনাথ শিংডে, গোয়ার মুখ্যমন্ত্রী প্রমোদ সাওয়ান্ত, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী সুশীলকুমার শিংডে, মন্ত্রী পরিষদের সদস্য, সংসদ সদস্য এবং বিধানসভার সদস্যরা শেষকৃত্যে উপস্থিত থেকে প্রয়াতকে শুধু জানান। প্রয়াতকে গাড় অফ অনার প্রদান করা হয়। অজিত পাওয়ারের মৃত্যুতে মহারাষ্ট্র সরকার গতকাল থেকে তিনি দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করেছে।

উল্লেখ্য, গতকাল পুনে জেলার বারামতী বিমানবন্দরের কাছে একটি বিমান দুর্ঘটনায় অজিত পাওয়ার এবং আরও পাঁচজন নিহত হন।

অসামরিক বিমান পরিবহন মন্ত্রক জানিয়েছে যে, দুর্ঘটনাগ্রস্ত বিমানের ক্ল্যাক বক্স উদ্ধার করা হয়েছে।

Martyrs Day :

আগামীকাল আগরতলায় যথাযোগ্য মর্যাদায় শহীদ দিবস পালন করা হবে। দেশের স্বাধীনতা সংগ্রামে যে সকল বীর নিজের জীবন উৎসর্গ করেছিলেন

তাঁদের স্মৃতির উদ্দেশ্যেই এই দিবসটি পালন করা হয়ে থাকে। সকাল ৮টায় সার্কিট হাউসস্থিত মূর্তি প্রাঙ্গণে ভজন এবং রামধূন গাওয়া হবে। সকাল ৮টা ১০ মিনিটে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু মহাঘা গান্ধীর মূর্তিতে পূজ্যস্তবক অর্পণ করবেন। সকাল ৮টা ২২ মিনিটে গান্ধীঘাটস্থিত গান্ধীবেদীতে রাজ্যপাল পূজ্যস্তবক অর্পণ করবেন। সকাল ১০টা ৫৯ মিনিট থেকে ১১টা পর্যন্ত সাইরেন বাজানো হবে। সাইরেন বাজানোর সঙ্গে সঙ্গে প্রত্যেকে দাঁড়িয়ে ২ মিনিট নীরবতা পালন করবেন।

* * * * *

Minister Sudhangshu Das :

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আজ ফটিকরায়ের কৃষ্ণনগর পঞ্চায়েতে "আয়ুষ্মান আরোগ্য মন্দির" এর নবনির্মিত ভবনের দ্বারোদঘাটন করেন। তিনি বলেন, গ্রামীণ এলাকার স্বাস্থ্য পরিসেবার মানোন্নয়নে রাজ্য সরকার নিরলসভাবে কাজ করে চলেছে। বক্তব্য রাখেন উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সুমতি দাস, উনকোটি জেলার CMO ডাঃ শীর্ষেন্দু চাকমা প্রমুখ।

* * * * *

Seminar-Pragya Bhawan :

প্রাণী সম্পদ বিকাশ দপ্তর ও ভেটেরিনারি কাউন্সিল অফ ট্রিপুরার উদ্যোগে আজ আগরতলার প্রজ্ঞা ভবনে প্রাণী পালন ও দুুঞ্চ উৎপাদন পেশাদার ব্যবস্থাপনা শীর্ষক একদিনের সেমিনার অনুষ্ঠিত হয়। বক্তব্য রাখেন প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের সচিব দীপা ডি নায়ার, পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয় এবং ভুবনেশ্বরের KIIT স্কুল অফ কুরাল ম্যানেজমেন্টের বিশেষজ্ঞগণ।

* * * * *

Food Festival-Jolaibari :

সমবায় মন্ত্রী শুল্কাচরণ নোয়াতিয়া আজ জোলাইবাড়ি লকের শান্তিনিকেতন পাড়ায় দুদিনব্যাপী থাদ্য উৎসবের উদ্বোধন করেন। জোলাইবাড়ি লক ও ত্রিপুরা গ্রামীন আজীবিকা মিশনের উদ্যোগে আয়োজিত এই থাদ্য উৎসবের স্ব-সহায়ক দলের ১২টি স্টল খোলা হয়েছে।

* * * * *

Ranji Trophy :

ত্রিপুরা ও গুজরাটের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। এমবিবি স্টেডিয়ামে টসে জিতে রাজ্যদল প্রথমে বোলিং করার সিদ্ধান্ত নেয়। ব্যাট করতে নেমে সফরকারী গুজরাট প্রথম ইনিংসে প্রথম দিনের শেষে ৭ উইকেট হারিয়ে ২৬৭ রান করে।

* * * * *

Naidu Trophy :

ত্রিপুরা ও দিল্লির মধ্যে কর্নেল সিকে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আগামীকাল থেকে আগরতলায় শুরু হচ্ছে। নরসিংগরের পিটিএ মাঠে এই ম্যাচটি হবে।

* * * * *

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১.৭ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

* * * * *